গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.০২৩.০০১.২৬-৩৮৯

২৭ বৈশাখ ১৪৩৩
তারিখ: ----------------------------
১০ মে ২০২৬

বিষয়:বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় প্রকাশের জন্য লেখা আহ্বান

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য বর্ণনা করা যাচ্ছে যে, প্রতি বছরের মতো এ বছরও বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন উদযাপন করা হবে।

বিগত বছরগুলোর মতো এ বছরও বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে পরিবেশ অধিদপ্তর কর্তৃক একটি স্মরণিকা প্রকাশ করা হবে। প্রতিবেশ সংরক্ষণ ও পুনরুদ্ধার; প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা; পরিবেশের অবক্ষয় ও সংরক্ষণ; প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা; জলাভূমি ব্যবস্থাপনা, জীববৈচিত্র্য সংরক্ষণ; নদী সংরক্ষণ; পানিদূষণ ও প্রতিকার; বায়ুদূষণ ও প্রতিকার; ভূমির অবক্ষয়/মাটিদূষণ ও প্রতিকার; ভূমিরূপ/ ভূমিব্যবহার পরিবর্তন ও তার প্রভাব; উপকূলীয় প্রতিবেশ ব্যবস্থাপনা; শব্দদূষণ ও প্রতিকার; জলবায়ু পরিবর্তনের অভিঘাত ও প্রতিকার; প্রতিবেশভিত্তিক অভিযোজন; বর্জ্য ব্যবস্থাপনা; প্লাস্টিক দূষণের সমাধান; পরিবেশবান্ধব কৃষি; পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে পরিবেশবান্ধব প্রযুক্তি; টেকসই পরিবহন; শিল্পকারখানা স্থানান্তর; নগর পরিকল্পনা; প্রতিবেশবান্ধব পর্যটন; মেরিন লিটার ব্যবস্থাপনা; সুনীল অর্থনীতি; সবুজ অর্থনীতি; এবং প্রতিবেশ, পরিবেশ, জীববৈচিত্র্য ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্র প্রভৃতি বিষয়ে স্মরণিকায় লেখা প্রকাশ করা হবে।

এমতাবস্থায় সরকারি বিভিন্ন দপ্তর/সংস্থা, গবেষণা সংস্থা/প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞানী, শিক্ষক, কর্মকর্তা, গবেষক, শিক্ষার্থী, উন্নয়নকর্মী অথবা পরিবেশকর্মী হিসেবে নিয়োজিত আছেন, কিংবা এ বিষয়ে লেখালেখিতে দক্ষ এরূপ ব্যক্তিবর্গের নিকট হতে বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় প্রকাশের জন্য আগামী **১৬ মে ২০২৬** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ইমেইল dirlaw@doe.gov.bd বরাবর সর্বোচ্চ ১৮০০ শব্দের মধ্যে বাংলায় SutonnyMJ ফন্টে অথবা ইংরেজিতে Times New Roman ফন্টে লেখা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সবিনয় অনুরোধ করা হল।

১০/০৫/২০২৬
মোঃ খালেদ হাসান
পরিচালক (আইন)
ও
আহবায়ক
বিশ্ব পরিবেশ দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে
গঠিত স্মরণিকা প্রকাশ কমিটি
ইমেইল: dirlaw@doe.gov.bd
ফোনঃ ২২২২২১৮৪৫২

c:\users\ruhulamin\desktop\লেখা আহ্বান.doc